দৈনিক সংবাদ

তারিখ ... 03 MAR 1996 ...
পৃষ্ঠা ৭ কলাম ৭

128

ঢাকা বিশ্ববিদ্যালয়

# ক্লাস ও পরীক্ষার ব্যাপারে অবস্থা বুঝে ব্যবস্থা

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সম্মান প্রথম বর্ষে ভর্তি পরীক্ষাসহ বিভিন্ন বিভাগ ও ইন্সটিটিউটের সকল পরীক্ষা অনুষ্ঠিত হবার তারিখ পুনঃনির্ধারণ করা হতে পারে। এছাড়া প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার জন্য ফরম প্রদানের সময়সীমা বাড়ানো হতে পারে। গতকাল শনিবার উপাচার্য অধ্যাপক এমাজউদ্দিন আহমদের সভাপতিত্বে সকল অনুষদের ডীন, বিভাগের চেয়ারম্যান এবং ইন্সটিটিউটের পরিচালকদের এক সভায় এ মতামত ব্যক্ত করা হয়। সভায় বলা হয়, দেশের রাজনৈতিক পরিস্থিতির ওপর নির্ভর করে পরীক্ষা ও অন্যান্য ব্যাপারে পরবর্তী সিদ্ধান্ত নেয়া হবে।

সভায় উপস্থিত কয়েকজন শিক্ষক জানান, সভায় প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা ও বিভিন্ন বিভাগ ও ইন্সটিটিউটের পরীক্ষার বিষয় আলোচিত হয়েছে। সভায় বলা হয়, কয়েকটি রাজনৈতিক দলের আন্দোলনের কারণে পূর্ব নির্ধারিত তারিখ অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত করা সম্ভব হচ্ছে না। এদিকে রাজনৈতিক দলগুলো অনির্দিষ্ট-কালের জন্য অসহযোগ আন্দোলনের কর্মসূচি ঘোষণা করায় পরীক্ষাগুলোর তারিখ পুনঃনির্ধারিত করার সিদ্ধান্তও নেয়া যাচ্ছে না। সেজন্যে সভায় মতামত ব্যক্ত করে বলা হয়, ক্লাস ও পরীক্ষার ব্যাপারে দেশের রাজনৈতিক অবস্থা বিবেচনা করে ব্যবস্থা নেয়া হবে।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৪টি ইউনিট- ক, খ, গ ও ঘ ইউনিটে ভর্তির জন্য ফরম প্রদানের নির্ধারিত তারিখ হচ্ছে গত ৭ই ফেব্রুয়ারি থেকে এ মাসের ৭ তারিখ পর্যন্ত। ফরম প্রদানের তারিখ বর্ধিত করা হতে পার বলে সভায় মতামত ব্যক্ত করা হয়।